

৪। জাতির পিতা
(অনুচ্ছেদ ৪)

সুপারিশ :

৪। সংবিধানের অনুচ্ছেদ ৪ এর সংশোধন।—সংবিধানের অনুচ্ছেদ ৪ এর—

(ক) উপাস্তটিকার “ও প্রতীক” শব্দগুলির পরিবর্তে “, প্রতীক ও জাতির পিতার প্রতিকৃতি” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) দফা (৪) এর পর নিম্নরূপ নতুন দফা (৫) সংযোজিত হইবে, যথাঃ—

“(৫) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পীকার, প্রধান বিচারপতির কার্যালয় এবং সকল সরকারী ও আধা-সরকারী অফিস, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের প্রধান ও শাখা কার্যালয়, সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।”।

৫। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর প্রতিকৃতি
(অনুচ্ছেদ ৪ক)

সুপারিশ :

৫। সংবিধানের অনুচ্ছেদ ৪ক এর বিলুপ্তি।—সংবিধানের অনুচ্ছেদ ৪ক বিলুপ্ত হইবে।

৬। বাংলাদেশের নাগরিকত্ব
(অনুচ্ছেদ ৬)

সুপারিশ :

৬। সংবিধানের অনুচ্ছেদ ৬ এর প্রতিস্থাপন।—সংবিধানের অনুচ্ছেদ ৬ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৬ প্রতিস্থাপিত হইবে, যথাঃ

“৬। নাগরিকত্ব।—“(১) বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে।

(২) বাংলাদেশের জনগণ জাতি হিসাবে বাঙালী এবং নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন।”।